

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ  
কালিয়া, নড়াইল।

বিষয় : মহিলা ও শিশু উন্নয়ন কমিটির জুন/ ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।  
তারিখ : ০৪/০৬/২০২২ খ্রিঃ।  
সময় : বেলা-১১.৩০ টা  
স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।  
সভাপতি : মোসাঃ সোহেলী পারভীন নিরী  
মহিলা ভাইস চেয়ারম্যান  
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বিগত ০৯/০৪/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারোপ করেন।

সভায় উপস্থিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে উপজেলার প্রত্যন্ত এলাকার নারী ও শিশুদের জীবন-মান উন্নয়নে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া নারী ও শিশু পাচার রোধ, নারী শিশু নির্যাতন বন্ধ করার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া নারীদের আত্ম-কর্মস্থান সৃষ্টির লক্ষ্যে তার দপ্তরের মাধ্যমে অসহায় শেলাই প্রশিক্ষণ প্রদান করতঃ তাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এ ছাড়াও তিনি শিক্ষিত দরিদ্র নারীদের অন্যান্য ট্রেডে প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করেন। সেলাইকাজে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের উপজেলা পরিষদের অর্থ অথবা এডিপি এর বরাদ্দপ্রাপ্ত অর্থ দিয়ে হতদরিদ্র নারীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করেন।

এ পর্যায়ে সভায় উপস্থিত চেয়ারম্যান, ১১নং পেড়লী ইউনিয়ন বলেন যে, এডিপি এর বরাদ্দ হতে এ খাতের অর্থ প্রশিক্ষণ প্রদানের প্রস্তাবকে সমর্থন করেন।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপি-এর বরাদ্দ হতে হতদরিদ্র প্রশিক্ষিত নারীদের অন্যান্য ট্রেডে প্রশিক্ষণের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য সভাপতি, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইলকে সুপারিশ করেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২২- ৬৬

তারিখ : ০৪/০৬/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
- ২। উপজেলা .....অফিসার, কালিয়া, নড়াইল।



সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

ও

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ  
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.- ৪৬

তারিখ :- ২/৫/২২ খ্রিঃ।

বিষয় : উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির ..... মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ..... তারিখ বেলা- ..... ঘটিকার সময়  
নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।  
উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)  
সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি  
ও

মহিলা ডাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব .....  
.....।